দৈনিক ইত্তেফাক

তারিখ 12 NOV 1997
পৃষ্ঠা

78

# সরকারী কলেজের সাড়ে ৬শ শিক্ষক বেতন বিড়ম্বনায় ভুগিতেছে

পিরোজপুর অফিস॥ দেশের ৫১টি সরকারী কলেজের সাড়ে ৬শত শিক্ষক গত পাঁচমাস যাবৎ বেতন সংক্রান্ত বিড়ম্বনায় ভুগিতেছেন। ১লা জুন '৯৭ হইতে উক্ত শিক্ষকগণ বিভিন্ন জেলা হিসাবরক্ষণ অফিসের উত্থাপিত আপত্তির কারণে বিভিন্ন মাসের বেতন পান নাই।

উক্ত কলেজসমূহের ৬৪৯টি অস্থায়ী সহকারী অধ্যাপক ও প্রভাষক পদে কর্মরতরা ৩ বৎসর কাল পর্যন্ত প্রতিবৎসর নবায়ন সাপেক্ষে মন্ত্রণালয়ের সংরক্ষণ আদেশ বলে চাকুরী করিতেছেন। গত ৩১শে মে '৯৭ তারিখে পূর্ববর্তী বৎসরের আদেশের মেয়াদ উত্তীর্ণ হইলেও অদ্যাবধি নয়া আদেশ দেওয়া হয় নাই। যে প্রেক্ষিতে জেলা হিসাবরক্ষক অফিস গত অক্টোবর মাসের বেতন প্রদানের বিলে ছাড়পত্র দিতেছে না, কোথাও কোথাও পূর্ববর্তী দুই-এক মাসের বেতন অঙ্গীকারনামা রাখিয়া প্রদান করিয়াছে। উল্লেখ্য, উক্ত পদগুলি ৯৪ সালে সৃষ্ঠ এবং ৯৯ সালে স্থায়ী হইবে।

বেতন না পাওয়ায় সাড়ে ছয়শত শিক্ষক পরিবার-পরিজনসহ দুঃখ-দুর্দশার সম্মুখীন হইয়াছেন।